

30

**চট্টগ্রামে স্কুল ছাত্রদের  
প্রতি পুলিশের কাদানে  
গ্যাস ॥ ফাঁকা গুলী**

স্টাফরিপোর্টার ॥  
চট্টগ্রাম, ২রা নভেম্বর।- এসএসসি  
পরীক্ষায় নৈর্যজিকের পুরনো নিয়ম  
বহালের দাবীতে আজ সোমবার বন্দর  
নগরীতে ছাত্ররা প্রচণ্ড বিক্ষোভ প্রদর্শন  
২ এর পাতায় দেখুন

**চট্টগ্রামে স্কুল**

প্রথম পৃষ্ঠার পর

করেছে। বিক্ষুব্ধ ছাত্ররা মহানগর বিএনপি  
কার্যালয় হামলার উদ্যোগ নিলে পুলিশ  
কাদানে গ্যাস নিক্ষেপ এবং ফাঁকা গুলী  
করে তাদেরকে ছত্রভঙ্গ করে দেয়।  
কাঙাইয়ে ব্যাপক ভাঙচুর হয়েছে।

নগরীতে আখ্য়াবাদ, টাইগারপাস, নূর  
আহমদ সড়ক, নিউমার্কেট মোড়, আইস  
ফ্যাক্টরী রোডসহ বিভিন্ন এলাকায় ছাত্ররা  
বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে।  
অধিকাংশ স্কুলে আজ ক্লাস হয়নি। ছাত্ররা  
স্কুল থেকে সরাসরি মিছিলে যোগ দেয়।

নূর আহমদ সড়ক দিয়ে একটি মিছিল  
যাওয়ার পথে নগর বিএনপি কার্যালয়  
আক্রমণের চেষ্টা করে। পুলিশ তাদেরকে  
বাধা দিলে তারা আরও জঙ্গী হয়ে উঠে।  
এদেরকে থামাতে পুলিশ কাদানে গ্যাস  
নিক্ষেপ করে এবং দু'রাউন্ড ফাঁকা গুলী  
ছুড়ে। এতে মিছিলটি ছত্রভঙ্গ হয়ে যায়।  
ছাত্ররা পুনরায় সংগঠিত হয়ে এগিয়ে  
যাওয়ার সময় বেশকিছু যানবাহন ভাঙচুর  
করে। নিউমার্কেট মোড় এলাকায়ও  
ছাত্ররা গাড়ী ভাঙচুর করেছে। পুলিশ  
এখান থেকে ২ জন ছাত্রকে গ্রেফতার  
করেছে। এরা হল কামিল নূরুল হক  
চৌধুরী হাইস্কুলের হাবিবুর রহমান (১৮)  
এবং সরকারী মুসলিম হাইস্কুলের  
সোহেল চৌধুরী (১২)। আখ্য়াবাদে শেখ  
মুজিব সড়কে চৌমুহনীতে একটি মিছিল  
থেকে ভাঙচুরের চেষ্টা করা হয়।  
সহকারী পুলিশ কমিশনার (যানবাহন)  
মোঃ মোফাজ্জল হোসেন মিছিলে  
অংশগ্রহণকারীদের নিবৃত্ত করে। কড়া  
পুলিশী প্রহরায় মিছিলটিকে দেওয়ানহাট  
উড়াল স্বেচ্ছ পায় করিয়ে দেয়া হয়।

ডবলমুড়িঃ ধানার বিভিন্ন এলাকায়  
ভাঙচুরের ঘটনায় ৫টি জিডি হয়েছে।  
ফটিকছড়ি, হাটহাজারী এবং  
নাজিরহাট এলাকায়ও ছাত্ররা মিছিল  
সমাবেশ করেছে। ফটিকছড়িতে ৪টি  
গাড়ী ভাঙচুর হয়েছে।

**কাঙাইয়ে ৮টি গাড়ী**

**ভাঙচুর ॥ গ্রেফতার ২**

আমাদের কাঙাই (রাঙ্গামাটি) প্রতিনিধি  
তোফাজ্জল হোসেন কামাল টেলিফোনে  
জানিয়েছেনঃ কেপিএম হাই স্কুলের  
ছাত্ররা গতকাল সোমবার জঙ্গী মিছিল  
নিয়ে ধানা সদরে গিয়ে বিক্ষোভ প্রদর্শন  
করে। এ পর্যায়ে ধানা নির্বাহী অফিসার  
মোঃ নূরুল ইসলাম এবং সহকারী  
কমিশনার মোঃ মাকসুদুর রহমান  
ছাত্রদের শান্ত করেন। এরপর ফিরে  
যাওয়ার পথে কতিপয় ছাত্র পুনরায়  
বিক্ষুব্ধ হয়ে উঠে। তারা ধানা পরিবদ  
ভবনে ইটপাটিকেল নিক্ষেপ করে এবং  
অফিসার্স ক্রাবের আসবাবপত্র তছনছ  
করে। তারা ১টি ট্রাক, ১টি বাস এবং ৬  
খানা বেবীর কাঁচ ভাঙচুর করেছে। পুলিশ  
তাদেরকে থামাতে মৃদু লাঠি চার্জ করে।  
কেপি এম স্কুলের ছাত্র শাখাওয়াত  
হোসেন (১৯) এবং ইউনুছ (১২) -কে  
গ্রেফতার করা হয়েছে। কাঙাই এবং  
পিডিপি হাইস্কুলের ছাত্ররাও আজ ব্যাপক  
বিক্ষোভ প্রদর্শন করেছে।